

ম. শেখরুল ইসলাম
২১/০৯/১৯



অতীত জরুরি
নির্বাচন অগ্রাধিকার

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন প্রশাসন শাখা

নং-১৭.০০.৩৯১৫.০৩৫.৪৬.১২৯.১৩-১০৬৪

তারিখঃ ২৬ সেপ্টেম্বর ২০১৯

বিষয়ঃ জামালপুর জেলার দেওয়ানগঞ্জ উপজেলার পারারামরামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে পুনরায় নির্বাচনের নিমিত্তে গেজেট বাতিলের প্রজ্ঞাপন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১০৭৫৯/২০১৮ এর ২৩ এপ্রিল ২০১৯ তারিখের আদেশে বিজ্ঞ নির্বাচনি ট্রাইব্যুনাল ও বিজ্ঞ নির্বাচনি আপিল ট্রাইব্যুনালের দুটি রায় বাতিল করে জামালপুর জেলার দেওয়ানগঞ্জ উপজেলার ০৩নং পারারামরামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে পুনরায় নির্বাচনের নিমিত্তে মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে ২৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত গেজেট বাতিলের প্রজ্ঞাপনের ১৫ (পনের) কপি প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক

(মোঃ মিজানুর রহমান)
উপসচিব (চলতি দায়িত্ব)
ফোনঃ ৫৫০০৭৫৬৫
মোবাইলঃ +৮৮-০১৫৫০০৪২০৫৩
mizanr63@yahoo.com

জেলা প্রশাসক
জামালপুর

নং-১৭.০০.৩৯১৫.০৩৫.৪৬.১২৯.১৩-১০৬৪

তারিখঃ ২৬ সেপ্টেম্বর ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (০২ কপি)
- ২। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (০১ কপি) (নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ (০২ কপি)
- ৪। জেলা নির্বাচন অফিসার, জামালপুর (০৩ কপি) [ইন্ট্রানেট হতে গেজেটের কপি জেলা প্রশাসক মহোদয় কে সরবরাহের অনুরোধ সহ]
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর (০৩ কপি)
- ৬। সহকারী সচিব (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২) (০২ কপি)
- ৭। উপজেলা নির্বাচন অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর (০৩ কপি)
- ৮। নির্বাচন কমিশন সচিবালয় গ্রন্থাগার (০২ কপি), (গ্রন্থাগারে সংরক্ষণের জন্য)

(মোঃ মিজানুর রহমান)
উপসচিব (চলতি দায়িত্ব)

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretarv@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ২৫, ২০১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন প্রশাসন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১০ আশ্বিন ১৪২৬/২৫ সেপ্টেম্বর ২০১৯

নং ১৭.০০.৩৯১৫.০৩৫.৪৬.১২৯.১৩-১০৬৩।—মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং ১০৭৫৯/২০১৮ এর ২৩ এপ্রিল ২০১৯ তারিখের আদেশে বিজ্ঞ নির্বাচনি ট্রাইব্যুনাল ও বিজ্ঞ নির্বাচনি আপিল ট্রাইব্যুনালের দুটি রায় ও বিগত ২১-০৬-২০১৬ খ্রিঃ তারিখে জনাব মোঃ ফজলে রাক্বী এর নামে প্রকাশিত গেজেট বাতিল করে রাখার কপি প্রাপ্তির পরবর্তী ০৪ মাসের মধ্যে নির্বাচন কমিশন-কে জামালপুর জেলার দেওয়ানগঞ্জ উপজেলাধীন ০৩নং পারারামরামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে নির্বাচন করার আদেশ প্রদান করায় উক্ত পদে নির্বাচন করার উদ্দেশ্যে নির্বাচন কমিশন এতদ্বারা গত ২১ জুন ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ১০৬০৫ নং পৃষ্ঠায় প্রকাশিত ১নং কলামে বর্ণিত 'পারারামরামপুর' এর বিপরীতে ২নং কলামে বর্ণিত 'মোঃ ফজলে রাক্বী, পিতা-মৃত গাজী নাছির উদ্দিন, গ্রাম-তারটিয়া' এবং ৩নং কলামে বর্ণিত 'বাংলাদেশ আওয়ামী লীগ' ও ৫নং কলামে বর্ণিত 'চেয়ারম্যান' শব্দ ও চিহ্নসমূহ বিলুপ্ত করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান

উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(২২৯৩৩)

মূল্য : টাকা ৪.০০